গাংনী উপজেলা আওয়ামী লীগে সাধারণ সম্পাদক মুকুলের গণসংযোগ

গাংনী উপজেলা আওায়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোখলেছুর রহমান মুকুল গাংনীর বিভিন্ন গ্রামে গণসংযোগ করেছেন।

রবিবার বিকেলে গাংনী উপজেলার সাহারবাটি, ভাটপাড়া, নওয়াপাড়া,ধলা,কাথুলী এলাকায় গণসংযোগ করেন। বিভন্ন চায়ের দোকান,রাস্তার মোড় বাজার এলাকায় মানুষের সাথে মতবিনিময় করেন। আওায়ামীলীগ সরকারকে পুনঃ রায় নির্বাচিত করতে সাধারণ মানুষের কাছে সরকারের বিভিন্ন উন্নয়ন তুলে ধরেন।

উপজেলা আওায়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোখলেছুর রহমান মুকুল বলেন,আওায়ামীলীগ ক্ষমতায় থাকলে দেশের উন্নয়ন হয়। শহরের উন্নয়নের পাশাপাশি এসরকারের উন্নয়ন গ্রামেও পৌছে গেছে। দেশের প্রতিটি উপজেলায় দৃষ্টি নন্দন মডেল মসজিদ,শেখ রাসেল মিনি স্টেডিয়াম, কমিউনিটি ক্লিনিকে উন্নত চিকিৎসা সেবা,পদ্মা সেতু মেট্রোরেল এমন অসংখ উন্নয়ন আওায়ামীলীগ সরকারের সফলতা। গ্রামকে শহরে রুপান্তরিত করার উদ্যোগ নিয়েছে বঙ্গবন্ধু কন্যা দেশরত্ন শেখ হাসিনা। সোনার বাংলায় সোনার ফসল ফলাতে কৃষকদের ভর্তুকির মাধ্যমে প্রদান করা হচ্ছে সার,বীজ ও কৃষি যন্ত্রপাতি। কৃষকদের কাজ দ্রত সম্পাদন করার জন্য কৃষি ক্ষেত্রে যান্ত্রিক ব্যবস্থা করা হয়েছে এ সরকারের আমলেই ।

বর্তমানে আওয়ামী লীগ সরকার কৃষি ক্ষেত্রে গুরুত্ব দিয়ে কোটি কোটি টাকা ভর্তুকি দিয়ে কৃষকদের ফসল ফলাতে সহায়তা উদ্বুদ্ধ করছে। আমি লীগ সরকারের আমলে এই দেশ আজ উন্নত ও মধ্যম আয়ের দেশ হিসেবে বিশ্বের কাছে মাথা উঁচু করে দাঁড়িয়েছে।

গাংনী উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক মোঃ মোখলেসুর রহমান মুকুল আরও বলেন,যারা দেশের উন্নয়ন করে, যারা দেশের স্বাধীনতা কামি মানুষের পক্ষে কথা বলে, যে সরকার ও তার প্রতিনিধিরা দুখি মানুষের পাশে দাঁড়াই পুনরায় সেই আওয়ামী লীগ সরকারকেই ক্ষমতায় আনা উচিত। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে চলমান উন্নয়ন শেষ হবে। নইলে উন্নয়ন থমকে যাবে বলেও মনতব্য করেন তিনি।

গণসংযোগে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোখলেসুর রহমান মোকুলের সাথে অন্যান্য নেতৃবৃন্দরা বৃন্দ উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান সেলিমের শো-ডাউন

মটর সাইকেল শো-ডাউন নিয়ে, দীর্ঘ দুই বছর পর আবারও আওয়ামী লীগের রাজনীতিতে সক্রিয় হলেন কোটচাঁদপুর পৌরসভার মেয়র সহিদুজ্জামান (সেলিম) রবিবার বিকেলে শহরে এ শো-ডাউন দেন তিনি।

জানা যায়, গেল ২০২১ সালের ৩০ জানুয়ারি কোটচাঁদপুর পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হয়। ওই নির্বাচনে নৌকা প্রার্থীর বিরুদ্ধে বিদ্রোহী প্রার্থী হিসেবে মোবাইল প্রতিক নিয়ে নির্বাচন করেন সহিদুজ্জামান (সেলিম)। এতে করে দলীয় শৃংঙ্গলা ভঙ্গের অভিযোগ উঠে তাঁর বিরুদ্ধে। বহিষ্কৃত হন তিনি।

এরপর থেকে আওয়ামী লীগের সব ধরনের সভা সমাবেশ থেকে নিজেকে বিরত রাখেন তিনি।

গেল ২০২২ সালে ১৭ ডিসেম্বর গনভবনে বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় কমিটির সভা অনুষ্ঠিত হয়। ওই সভার সিদ্ধান্ত অনুযায়ী সাধারণ ক্ষমার লিখিত চিঠি পান মেয়র সহিদুজ্জামান (সেলিম)।

এরপেক্ষিতে রবিবার বিকেলে মটর সাইকেল শো-ডাউনের মধ্য দিয়ে আওয়ামী লীগের রাজনীতিতে সক্রিয় হলেন তিনি।

এ সময় শো- ডাউনে উপস্থিত ছিলেন, কোটচাঁদপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও চেয়ারম্যান শরিফুনেসা মিকি,যুবলীগ সভাপতি মেহেদী হাসান বুলবুল, সাধারন সম্পাদক ও প্যানেল মেয়র সোহেল আরমান,কোটচাঁদপুর পৌর প্যানেল মেয়র (২) ও স্বেচ্ছা-সেবক লীগের আহবায়ক জাহিদ হোসেন, কাউন্সিলর মোঃ রকিব উদ্দিন,সোহেল আল মামুন।
শো-ডাউন উপলক্ষে রবিবার দুপুর থেকে স্থানীয় বালক বিদ্যালয় মাঠে নেতা-কর্মীরা জড়ো হতে থাকেন।

বিকেল ৪ টার সময় মেয়র সহিদুজ্জামান সেলিম আসেন মাঠে। এরপর শ্লোগানে শ্লোগানে মুখরিত শো-ডাউনটি বের বালক বিদ্যালয় থেকে। পরে মিছিল পৌরসভার প্রতিটি সড়ক প্রদর্ক্ষিন শেষে বাজার চত্বরে এসে শেষ হয়।

মেহেরপুরের কুতুবপুরে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বিভিন্ন গ্রামে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

গতকাল বিকালে বিকালে আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ আহমেদ ও বেলাল হোসেনের নেতৃত্বে নেতাকর্মীরা কুতুবপুর গ্রামের উজুলপুর, তেরঘরিয়া, শোলমারি, কুলবাড়িয়া. ঊালির মাঠসহ বিভিণ্ন গ্রামে এ বুকলেট বিতরণ করেন।

এসময় শিশির অরুপ, ফারুক হোসেন, আব্দুর রাজ্জাক, বেলায়েত হোসেন, রাশিদুল হাসান, সাজিদ হোসেনসহ নেতাকর্মীরা অংশ নেন।

আইলহাঁস ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পেতে ফরম জমা

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে দলীয় মনোনয়ন পেতে ফরম জমা দিয়েছেন আওয়ামী লীগ, যুবলীগ, সেচ্ছাসেবকলীগের নেতারা। ইতিমধ্যে মনোনয়ন পত্র জমা

দিয়েছেন নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মীরা।

শনিবার বিকেল পাঁচটার দিকে আইলহাঁস ইউনিয়ন পরিষদ ফুটবল মাঠ প্রাঙ্গনে উপজেলা আওয়ামী লীগের নেতাকর্মীদের নিকট ফরম জমা দেন।

আইলহাঁস ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেতে ফরম জমা দিয়েছেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি তোফাজ্জেল আলী বিশ্বাস, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম বাদল, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌর কলেজের প্রভাষক হাসিবুল ইসলাম, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল হালিম লাটিম, সাবেক মেম্বার মুহাম্মদ, আফিজ উদ্দিন বিশ্বাস, বিল্লাল গণি, রাসেল।

ফরম জমা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুসা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী মাস্টার, সাবেক উপজেলা আওয়ামী লীগের প্রচার ও প্রচার ও প্রকাশনা সম্পাদক মাসুদ রানা তুহিন, আইলহাঁস ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি তোফাজ্জেল হোসেন বিশ্বাস, নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি আব্দুল কুদ্দুস, আইলহাঁস ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আনন্দ, ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল ওয়াব মালিথা, সাবেক নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সেক্রেটারি হাফিজুর রহমান হাফিজ মাস্টার প্রমূখ।

মুজিবনগর স্মৃতিসৌধে জনপ্রশাসন এবং যুব ও ক্রীড়া প্রতিমন্ত্রীর পুষ্পস্তবক অর্পণ

মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করে শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করছেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি এবং যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জাহিদ আহসান

রাসেল এমপি।

মেহেরপুর সদর উপজেলায় শেখ রাসেল মিনি ষ্টেডিয়ামের ভিত্তিপ্রস্তর স্থাপন সম্পূর্ণ করে,শনিবার বিকেলে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ শেষে যুব ক্রীড়া মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল এমপি কে মুজিবনগর মুক্তিযুদ্ধের ভাস্কর্য এবং বাংলাদেশের মানচিত্র ঘুরে দেখান মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি।

মুজিবনগর পরিদর্শন শেষে মুজিবনগর মেহেরপুর প্রধান সড়কের পাশে গৌরিনগর খেলার মাঠে শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের লক্ষ্যে স্থান পরিদর্শন করেন প্রতিমন্ত্রীদ্বয়।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুরের জেলা প্রশাসক ড.মোহাম্মদ মনসুর আলম খান, পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদের চেয়ারম্যান আব্দুস সালাম,জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক কে এম জাহিদ হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, মুজিবনগর থানায় অফিসার ইনচার্জ মেহেদী রাসেল, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিবউদ্দীন।

মেহেরপুরের রাইপুরে এম এ এস ইমনের উদ্যোগে বুকলেট বিতরণ

মেহেরপুর সদর উপজেলার খন্দকারপাড়া ও রাইপুরে তরুন রাজনীতিবীদ এম এ এস ইমনের উদ্যোগে বিভিন্ন শ্রেণী পেশার মানুষের মাঝে সরকারের উন্নয়ন চিত্র সম্বলিত বুকলেট বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকালে আওয়ামী লীগ নেতা এস এম ফরিদ আহমেদের নেতৃত্বে নেতাকর্মীরা এ বুকলেট বিতরণ করেন।

এসময় শিশির অরুপ, ফারুক হোসেন, আব্দুর রাজ্জাক, বেলায়েত হোসেন, রাশিদুল হাসান, সাজিদ হোসেনসহ নেতাকর্মীরা অংশ নেন।

রাধাকান্তপুরে অবকাঠামো উন্নয়ন পরিদর্শন ও পথসভায় জনপ্রশাসন প্রতিমন্ত্রী

মেহেরপুর সদর উপজেলার রাধাকান্তপুর গ্রামের অবকাঠামো উন্নয়ন পরিদর্শন ও নৌকার পক্ষে কাজ করার জন্য গনসংযোগ করেছে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

এসময় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বাংলাদেশ সরকারের সাফল্য ও জননেত্রী শেখ হাসিনার উন্নয়নের ধারা জনগণের কাছে পৌঁছে দিতে তার নির্বাচনী এলাকার রাধাকান্তপুর গ্রাম অবকাঠামো উন্নয়নের জন্য পায়ে হেঁটে সমস্ত গ্রাম ঘুরে দেখেন এবং সাধারন জনগনের সাথে কথাকপোথন করেন। এ সময় গ্রামের রাস্তাঘাট, ঘরবাড়িসহ বিভিন্ন সমস্যার কথা শুনে সমাধানের আশ্বাস দেন তিনি।

গনসংযোগকালে উপস্থিত ছিলেন, বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজাহান আলী, কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সেলিম রেজা, শ্যামপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মতিয়ার রহমান, আমদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আনারুল ইসলাম, মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলু, শহর আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক আক্কাস আলী, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সভাপতি এনাম হোসেন বকুল, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক বারিকুল ইসলাম লিজন।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সরকারি কলেজ শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দিন সহ আওয়ামী লীগের অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা ।

৮ মাস পার, হয়নি জেলা আওয়ামী লীগের পুর্ণাঙ্গ কমিটি

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সম্মেলন শেষ হয়েছে ৮ মাস আগে। সম্মেলনে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৮ পদের নাম ঘোষনা করা হয়। তবে এখনো পূর্ণাঙ্গ কমিটি প্রকাশ করা হয়নি। কেন্দ্রীয় আওয়ামী লীগের সম্মেলনও শেষ হয়েছে। তবে শিঘ্রই পুর্ণাঙ্গ কমিটির তালিকা কেন্দ্রে জমা দেওয়া হবে।

দলীয় সূত্রে জানা গেছে, ২০২২ সালের ১৬ মে মেহেরপুর ড. শহীদ সামসুজ্জোহা পার্কে জেলা আওয়ামী লীগের ত্রি বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক আ.ফ.ম বাহাউদ্দিন নাসিম, খুলনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদক বিএম মোজাম্মেল হক উপ্◌িস্থত ছিলেন। সম্মেলন শেষে আ.ফ.ম বাহাউদ্দিন নাসিম সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ৮ সদস্যর কমিটি ঘোষণা করেন।

কমিটিতে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপিকে পুনরায় সভাপতি ও গাংনী উপজেলা চেয়ারম্যান পুনরায় সাধারণ সম্পাদক করা হয়। একই সঙ্গে সাবেক সাধারণ সম্পাদক অ্যাড. মিয়াজান আলী, শহর আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সদর উপজেলা চেয়ারম্যান এ্যাড. ইয়ারুল ইসলাম, আব্দুস সালাম বাবলু বিশ্বাস, সাবেক শিক্ষা বিষয়ক সম্পাদক আব্দুল মান্নানকে সহ-সভাপতি ও মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও মুজিবনগর উপজেলা চেয়ারম্যান জিয়া উদ্দিন বিশ্বাসকে সহসভাপতি এবং এ্যাড. ইব্রাহিম শাহীনকে যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে ঘোষণা করা হয়। একই দিনের জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি জয়নাল আবেদীনকে বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় পরিষদের সদস্য হিসেবে ঘোষণা করা হয়।

দলীয় নেতাকর্মীদের সাথে কথা বলে জানা গেছে, নতুন কমিটি ৮ মাস পার করলেও দিবস পালন ছাড়া দলীয় কোন কর্মসূচী করতে দেখা যায়নি। দিবসগুলোও পালন হয়ে থাকে পৃথক পৃথক স্থানে ব্যক্তি কেন্দ্রীক। একই অভিযোগ করেছেন জেলা কমিটির নতুন একাধিক সদস্যও। তাদের দাবী সবার মতামতের ভিত্তিতে দ্রুত পুর্ণাঙ্গ কমিটি গঠন করে রাজনৈতিক কর্মকাণ্ড গতিশীল করা।

এ ব্যাপারে জেলা কমিটির সহ-সভাপতি এ্যাড মিয়াজান আলী বলেন, ৮ মাস আগে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৮ সদস্যর কমিটি ঘোষণা করা হয়। এর পর থেকে আমাদের নিয়ে জেলা আওয়ামী লীগের কোন মিটিং করা হয়নি। ফলে সাংগঠনিক কার্যক্রম একেবারেই স্থবির হয়ে আছে। শুনেছি কমিটির জন্য খসড়া তালিকা করা হয়েছে। তবে এ ব্যাপারে আমার কোন মতামত নেওয়া হয়নি। তবে সবার মতামতের ভিত্তিতে কমিটি করা হলে রাজনৈতিক ঐক্যতা বজায় থাকবে এবং দলীয় কার্যক্রমে গতি আসে।

মিয়াজান আলী বলেন, আগেও সম্মেলনের ৪৫দিনের মধ্যে পুর্নাঙ্গ কমিটি করার জন্য মৌখিক নির্দেশনা ছিলো। এবার তা গঠনতন্ত্রে সংশোধনীর মাধ্যমে ৪৫ দিনের মধ্যে কমিটির করার বাধ্যবাধকতা করা হয়েছে।

জেলা আওয়ামী লীগের আরেক সহ-সভাপতি আব্দুল মান্নান বলেন, কয়েকটি দিবস পালন ছাড়া জেলায় আওয়ামী লীগের দলীয় কোন কার্যক্রম হয়নি। সাংগঠনিক কার্যক্রম পুরোই স্থবির হয়ে আছে। যা পালন করা হয় তা ব্যক্তি কেন্দ্রীক। পুর্নাঙ্গ কমিটি না হলে দলীয় কার্যক্রম গতিশীল হবে না। জেলা আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদক কমিটির অন্যান্য সদস্যদের মতামতের ভিত্তিতে পুর্ণাঙ্গ কমিটি করবেন এটাই নিয়ম। আমরা অপেক্ষায় আছি এ বিষয়ে সভাপতি ও সেক্রেটারী কোন মতামত নেন কিনা। তার আগে এ বিষয়ে কোন মন্তব্য করছি না। তবে কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক দুজনের সাথে আমার কথা হয়েছে মেহেরপুর থেকে কোন কমিটি জমা হয়নি বলে তাঁরা জানিয়েছেন।

তিনি আরো বলেন, সভাপতি-সেক্রেটারী কমিটির অন্যান্য সদস্যদের সাথে মতামত নিয়ে এ পুর্নাঙ্গ কমিটি গঠন করবেন এটাই হওয়ার কথা। যদি তারা আমাদের মতামত না নিয়ে কমিটি জমা দেন, তখন আমরা কেন্দ্রে আমাদের মতামত জানাবো।

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ এম এ খালেক বলেন, ৭১ সদস্য বিশিষ্ট পুর্ণাঙ্গ কমিটির জন্য খসড়া তালিকা তৈরি করা হয়েছে। কেন্দ্রীয় কমিটির সম্মেলনের ৪৫ দিনের মধ্যে জেলা কমিটি জমা দেওয়ার কথা। খুব শিঘ্রই পুর্ণাঙ্গ কমিটির জন্য তালিকা কেন্দ্রে জমা দেওয়া হবে।

নাগদহ ইউপির নির্বাচনে আ’লীগের মনোনয়ন চেয়ে ৫ প্রার্থীর আবেদনপত্র জমা

আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে চেয়ারম্যান পদে আওয়ামী লীগের ৫ মনোনয়ন প্রত্যাশি দলীয় মনোনয়ন চেয়ে আবেদনপত্র জমা দিয়েছেন।

গতকাল বৃহস্পতিবার ইউনিয়ন আওয়ামী লীগের কার্যালয়ে উপজেলা আওয়ামী লীগের নেতৃবৃন্দের উপস্থিতিতে ওই ৫ প্রার্থী আবেদনপত্র জমা দেন।

আবেদনপত্র জমাদানকালে উপজেলা আওয়ামীলীগের নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলি মাষ্টার ও সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন।

দলীয় মনোনয়ন প্রত্যাশি প্রার্থীরা ইউনিয়ন আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি আব্দুল কুদ্দুসের কাছে আবেদনপত্র জমা প্রদান করেন। দলীয় মনোনয়ন প্রত্যাশিরা হলেন বর্তমান চেয়ারম্যান আবুল কালাম আজাদ, ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হায়াত আলী, আওয়ামী লীগ নেতা বিপুল জোয়ার্দার, উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক খন্দঃ বজলুল করিম ও ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক মিশর আলী।

আবেদনপত্র জমাদানকালে বিভিন্ন ওয়ার্ডের সভাপতি-সাধারণ সম্পাদকগণ ছাড়াও প্রার্থীদের কর্মি সমর্থকরাও উপস্থিত ছিলেন।

উল্লেখ্য আগামী ১৬ মার্চ এই ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত হবে।

জনপ্রশাসন প্রতিমন্ত্রীর

নির্দেশে ছহিউদ্দিন ডিগ্রি কলেজ এলাকায় কম্বল বিতরণ

বাংলাদেশের প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতি দেশরত্ন শেখ হাসিনার নির্দেশে মেধাবী অতীদরিদ্র শিক্ষার্থীদের এবং চায়ের দোকানদার ও গরীব দুখি মানুষের মাঝে শীতের উপহার কম্বোল বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজ ছাত্রলীগনেতা ও বঙ্গবন্ধু ছাত্র পরিষদের সভাপতি এস এম আল রাতুলের নেতৃত্বে এ কম্বল বিতরণ করা হয়।

এসময় বঙ্গবন্ধু ছাত্র পরিষদ সভাপতি এস এম আল রাতুল জানায়, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি অধ্যাপক ফরহাদ হোসেন এমপির সহযোগিতায় মেহেরপুর ছহিউদ্দিন ডিগ্রি কলেজের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের ও কলেজে মেধাবী অতিদরিদ্র শিক্ষার্থীদের এবং কলেজ এলাকার চায়ের দোকানদারসহ পথচারী অসহায় শীতার্ত মানুষের মাঝে শীতের উপহার কম্বল দেওয়া হয়।

কম্বল বিতরণ করার সময় উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু ছাত্র পরিষদের সাধারণ সম্পাদক পিন্টু মিয়া সাংগঠনিক সম্পাদক রনি, যুগ্ম সাধারণ সম্পাদক ইমরান মাহমুদ অনিক, সাংগঠনিক সম্পাদক মমিনুর রহমান লোটাস, উপদপ্তর সম্পাদক আশিকুর রহমান প্রজ্জল,উপ-গন শিক্ষা বিষায়ক সম্পাদক বিপ্লব অরবিত রুস্তম, কলেজের শিক্ষার্থীরা।